কুষ্টিয়ায় ফুলেল শুভেচ্ছায় সিক্ত হলেন মাহবুবউল আলম হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি কুষ্টিয়ায় সাধারণ মানুষের সাথে নির্বাচন পরবর্তী শুভেচ্ছা বিনিময়কালে বলেছেন, আমি আপনাদের ভালোবাসার কাছে ঋণী। আমাকে নির্বাচিত করে তৃতীয়বারের মতো যে দায়িত্ব দিয়েছেন তা যেন আপনাদের সাথে নিয়ে সুন্দরভাবে পালন করতে পারি। আমার জীবন দিয়ে হলেও আমি আপনাদের উন্নয়ন-অগ্রগতি এবং শান্তি ও কল্যাণে পাশে থাকবো। উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

আজ শনিবার দুপুর থেকে বিকেল পর্যন্ত কুষ্টিয়া সদর উপজেলার মনোহরদিয়া, পাটিকাবাড়ি, ঝাউদিয়া, ঊজানগ্রাম, গোস্বামী দূর্গাপুর, আইলচারা, বটতৈল ইউনিয়নের বিভিন্ন এলাকায় শুভেচ্ছা বিনিময় করেন।

নির্বাচনের পরে সর্বস্তরের সাধারণ মানুষ ও দলীয় নেতাকর্মীরা মাহবুবউল আলম হানিফ এমপিকে কাছে পেয়ে ফুলেল শুভেচ্ছা জানান এবং সেইসাথে তৃতীয়বারের মতো বিপুল ভোটের ব্যবধানে সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন জানান।

কুষ্টিয়া সদর উপজেলা সবচেয়ে পিছিয়ে পড়া একটি জনপদ ছিল যেটিকে উন্নয়নের রোল মডেলে পরিণত করায় এবং কুষ্টিয়া সদরকে শান্তির জনপদে পরিণত করায় মাহবুবউল আলম হানিফ এমপির প্রতি বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন গ্রামের সাধারণ মানুষ।

এসময় সর্বস্তরের জনতার উদ্দেশে মাহবুবউল আলম হানিফ বলেন, আমি মনে করি, আপনাদের দেয়া এই ভোট আমার কাছে এক একটি আমানত। এই আমানতের যাতে কোনোভাবেই খেয়ানত না হয় সেই প্রচেষ্টা আমার থাকবে।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আপনাদের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাঁরই নির্দেশিত পথে আমি আপনাদের উন্নয়নে কাজ করে যাচ্ছি। কাজের মধ্যে কোথাও কোনো ত্রুটি থাকলে কিংবা কোনো কাজ বাদ পড়লে আপনারা আমাকে সাথে সাথে জানাবেন।

এসময় তাঁর সাথে ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আসগর আলী, যুগ্ম

সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মোমিজ, তথ্য ও গবেষণা সম্পাদক রাশেদুল ইসলাম বিপ্লব, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল হকসহ বিভিন্ন ইউনিয়ন পর্যায়ের আওয়ামী লীগের নেতা ও কর্মীরা।

ফুলেল শুভেচ্ছায় সিক্ত পৌর মেয়র রিটন

নেতাকর্মীসহ সর্বস্তরের মানুষের ফুলেল শুভেচ্ছায় সিক্ত হলেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

আবেগ আপ্লত মেয়র মাহফুজুর রহমান বললেন পৌরবাসির ভালবাসা ও সহযোগীতা ছিল বলে আজ আমি সম্মানিত হয়েছি। এজন্য পৌরবাসির কাছে আমি কৃতজ্ঞ। যে আশা আকাংখা নিয়ে আমাকে নির্বাচিত করেছেন আমি আশা আকাংখার প্রতিফলন ঘটিয়ে পৌরসভাকে সাজিয়ে তুলবো। আমার আজকের সব অর্জন পৌরবাসিকে উৎসর্গ করলাম। আগামী দিন সুখে দুখে পৌরবাসির পাশে থেকে তাদের ভালবাসার ঋণ শোধ করবো”।

মেয়র এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাবস) এর সাংগাঠনিক সম্পাদক নির্বাচিত হওয়ায় খুশি—আনন্দিত ও উচ্ছ্বাসিত পুরো মেহেরপুরবাসী। তাইতো নাগরিক সংবর্ধনায় দলে দলে লোক এসেছেন, আর প্রিয় নেতা মেয়র মাহফুজুর রহমান রিটনকে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন। সেই সাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করছেন সবাই।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে মেহেরপুর পৌর টাউন হলে মেয়র মাহফুজুর রহমান রিটনকে দেওয়া হয় এই নাগরিক সংবর্ধণা। মেহেরপুর পৌর সভার নাগরিকবৃন্দ এই বিরাট সংবর্ধনার আয়োজন করেন।

আয়োজনস্থলে মেয়র পৌছানোর আগেই জমায়েত হয় অগনিত নেতাকর্মীসহ সাধারণ মানুষ ও বিপুল পরিমান নারী। আয়োজনস্থলে মেয়র মাহফুজুর রহমান রিটন পৌছালে উচ্ছ্বাস প্রকাশ করেন সমাগত মানুষেরা। ফুল দিয়ে বরণ করেন নেন প্রিয় মেয়রকে।

সামাজিক সংগঠনের পক্ষ থেকে ও বিভিন্ন রাজনৈতিক নেতাকর্মীরা ফুলেল শুভেচ্ছা জানান।

উল্লেখ্য, ২০২২ সালের পৌর নির্বাচনে বিপুল ভোটে জয়লাভ করে দ্বিতীয়বারের মতো মেয়র নির্বাচিত হন যুবলীগ নেতা মাহফুজুর রহমান রিটন। এর আগেও ২০১৮ সালের নির্বাচনেও বিপুল ভোটে মেয়র নির্বাচিত হয়েছিলেন তিনি।